

🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৪৪

১/ বিবিধ

আরবী

من قال إذا أصبح: سبحان وبحمده ألف مرة، فقد اشترى نفسه من الله تبارك وتعالى، وكان من آخر يومه عتيقا من النار ضعيف

أخرجه الخرائطي في " مكارم الأخلاق " (8/224/2) عن الحارث بن أبي الزبير المدني مولى النوفليين قال: حدثني أبو يزيد اليمامي عن طاووس بن عبد الله بن طاووس عن أبيه عن جده عن ابن عباس قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره قلت: وهذا إسناد ضعيف مظلم، طاووس بن عبد الله لم أجد من ذكره، وكذا الراوي عنه أبو يزيد اليمامي وأما الحارث بن أبي الزبير المدني، فقال ابن أبي حاتم (1/2/75) عن أبيه: هو شيخ بقي حتى أدركه أبو زرعة وأصحابنا، وكتبوا عنه قلت: فكأنه ثقة، وأما الأزدي فقال: ذهب علمه وساق له حديثا من روايته عن إسماعيل بن قيس. وتعقبه الذهبي بقوله: إسماعيل تالف

বাংলা

১২৪৪। যে ব্যক্তি সকালে "সুবহানাল্লাহি অবিহামদিহি" এক হাজার বার বলবে, সে আল্লাহ্ তা'আলার নিকট থেকে নিজেকে ক্রয় করে নিয়েছে। তার শেষ দিবসে সে জাহান্নাম থেকে মুক্ত হয়ে যাবে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি খারায়েতী "মাকারিমুল আখলাক" গ্রন্থে (৮/২২৪/২) হারেস ইবনু আবিয যুবায়ের মাদানী হতে, তিনি



আবূ ইয়াযীদ ইয়ামামী হতে, তিনি তাউস ইবনু আন্দিল্লাহ ইবনে তাউস হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হতে, তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল, অন্ধকারাচ্ছন্ন। বর্ণনাকারী তাউস ইবনু আবদিল্লাহ ইবনে তাউস এর জীবনী কে আলোচনা করেছেন পাচ্ছিনা। তার থেকে বর্ণনাকারী আবু ইয়াযীদ ইয়ামামীর অবস্থাও একইরূপ।

আর বর্ণনাকারী হারেস ইবনু আবিয যুবায়ের মাদানী সম্পর্কে ইবনু আবী হাতিম (১/২/৭৫) তার পিতার উদ্ধৃতিতে বলেনঃ তিনি একজন (দীর্ঘজীবী) শাইখ তাকে আবু যুর'য়াহ এবং আমাদের সাথীগণ পেয়েছিলেন এবং তার থেকে (হাদীস) লিখেছেনও।

আমি (আলবানী) বলছিঃ সম্ভবত তিনি নির্ভরযোগ্য। তবে আযদী তার সম্পর্কে বলেনঃ তার জ্ঞান চলে গিয়েছিল। তিনি তার একটি হাদীস ইসমাঈল ইবনু কায়েসের বর্ণনায় উল্লেখ করেছেন। আর যাহাবী তার সমালোচনা করে বলেছেনঃ ইসমাঈল ধ্বংসপ্রাপ্ত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন